

ANU/107 RTHD
26/07/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০২.১৬-৩৯৩

তারিখঃ ২৬-০৭-২০১৮

বিষয়ঃ “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন (খুলনা জোন)” শীর্ষক প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাবের উপর অনুষ্ঠিত পর্যালোচনা সভার রেকর্ড নোটস প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্মপ্রধান মহোদয়ের সভাপতিত্বে গত ১৬ জুলাই ২০১৮ তারিখে “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন (খুলনা জোন)” শীর্ষক প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাবের উপর অনুষ্ঠিত পর্যালোচনা সভার রেকর্ড নোটস পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

 ২৬/০৭/২০১৮

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬

E-mail: sajalpol@gmail.com

www.rthd.gov.bd // date: 2018-07-26

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা জোন, খুলনা
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া সড়ক সার্কেল, কুষ্টিয়া
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর সড়ক সার্কেল, যশোর

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (রেকর্ডনোটসটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫-৬। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন (খুলনা জোন)” শীর্ষক প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাবের
উপর অনুষ্ঠিত পর্যালোচনা সভার রেকর্ড নোটস।

গত ১৬-০৭-২০১৭ তারিখে বিকাল ০৩:০০ ঘটিকায় এ বিভাগের যুগ্মপ্রধান মহোদয়ের সভাপতিত্বে প্রকল্পটির প্রস্তাবের ১ম সংশোধন বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী (খুলনা জোন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক সার্কেল, কুষ্টিয়া), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক সার্কেল, যশোর), নির্বাহী প্রকৌশলী (সওজ, সাতক্ষীরা), নির্বাহী প্রকৌশলী (সওজ, বাগেরহাট), নির্বাহী প্রকৌশলী (সওজ, কুষ্টিয়া), নির্বাহী প্রকৌশলী, মনিটরিং বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) ও সিনিয়র সহকারী প্রধান (কার্যক্রম ও এডিপি) উপস্থিত ছিলেন।


০২. সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, “গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন (খুলনা জোন)” শীর্ষক মূল প্রকল্পটি মোট ৫৯৯.৭৪৪৫ কোটি টাকা ব্যয়ে ০১ মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে গত ১১-০৪-২০১৭ তারিখ একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৪৯.৭৩৮৬ কোটি টাকা এবং বাস্তবায়নকাল ০১-০৩-২০১৭ হতে ৩১-১২-২০২১ পর্যন্ত নির্ধারণকরতঃ ১ম সংশোধনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পটির ব্যয় ৪৯.৯৯৪১ কোটি টাকা (৮.৩৩%) এবং মেয়াদকাল ০২ বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। সংশোধিত প্রস্তাবে মাটির কাজ, সড়ক বাধী, মজবুতিকরণ, পুনঃনির্মাণ, বাস-বে নির্মাণ, রক্ষাপ্রদ কাজ, ইউটিলিটি শিফটিং ইত্যাদি কাজের পরিমাণ বৃদ্ধিসহ কতিপয় অংশের ব্যয় হ্রাস/বৃদ্ধি পেয়েছে। এছাড়া কালভার্ট নির্মাণ নতুন করে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রকল্পের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ করা হয়:

(ক) প্রকল্প ব্যয় ৮.৩৩% অর্থাৎ প্রায় ৫০ কোটি টাকা বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প ব্যয় বৃদ্ধি ৪০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ডিপিপি পুনর্গঠন করার বিষয়টি বিবেচনা করা সম্ভব হবে মর্মে সংস্থা প্রতিনিধি মতামত দেন। এ প্রেক্ষিতে উক্ত পরিমাণ ব্যয় বৃদ্ধির মধ্যে সীমাবদ্ধ রেখে ডিপিপি পুনর্গঠন করা যেতে পারে।

(খ) প্রকল্প মেয়াদ ৬ মাস বৃদ্ধি করা হলে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে মর্মে সংস্থা প্রতিনিধি মতামত প্রদান করেন। এক্ষেত্রে প্রকল্প মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।

(গ) প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা আয়োজন করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

০৩. সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ জাকির হোসেন)
যুগ্মপ্রধান